

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৮০

কুমারঘাট, ১০ আগস্ট, ২০২৪

মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মজয়ন্তী
কুমারঘাটে প্রস্তুতি সভা

উনকোটি জেলাভিত্তিক মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে গতকাল কুমারঘাট পুরপরিষদের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কুমারঘাট পুরপরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস। সভায় উপস্থিত ছিলেন কুমারঘাট পুরপরিষদের ডেপুটি সিইও অভিজিৎ কুমার দাস, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহঅধিকর্তা বিশ্বজিৎ দেব, বরিষ্ঠ তথ্য আধিকারিক শুভাশীষ সেনগুপ্ত ও সাংস্কৃতিক ব্যক্তিত্বগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে, উনকোটি জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে আগামী ১৯ আগস্ট মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হবে। তাছাড়াও সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে আলোচনাচক্র, সাংস্কৃতিক অনুষ্ঠান, ওপেন কুইজের আয়োজন করা হবে। ১৮ আগস্ট বিকাল ৩টায় কুমারঘাট দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে পাঁচটি বিভাগে অনুষ্ঠিত হবে বসে আঁকো প্রতিযোগিতা।
